গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.২০১৯- ২৯৬

তারিখঃ ২০ আশ্বিন, ১৪২৭ / ০৫ অক্টোবর, ২০২০

বিষয়: সহকারী সুপারিনটেনডেন্ট ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর বিষয়ে গত ১২.০৮.২০ খ্রি: এবং ১৬.০৯.২০ খ্রি.তারিখে TMED কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ না করায় এবং চাহিত বিষয়ে মিথ্যা তথ্য প্রদান করায় উক্ত মাদরাসার সুপারের এমপিও কেন বন্ধ করা হবেনা এ মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ্ -এর আবেদন; তারিখ: ২২.১২.২০১৯ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২১০; তারিখ: ১২.০৮.২০২০ খ্রি.
(৩)সুপার, ভূজইল দাখিল মাদ্রাসা'র স্মারক নং-১৯/২০২০(২); তারিখ: ৩০.০৮.২০২০ খ্রি.
(৪) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২৫৯; তারিখ: ১৬.০৯.২০২০ খ্রি.
(৫) সুপার,ভূজইল দাখিল মাদ্রাসা'র স্মারক নং-২৮/২০২০(২); তারিখ: ২৮.০৯.২০২০ খ্রি.

উপযুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের আলোকে মহোদয়ের অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সহকারী সুপার হিসেবে যোগদানের পর দীর্ঘ প্রায় ১০ বৎসরের বেশী সময় অতিক্রান্ত হওয়ার পরও সহকারী সুপার হিসেবে জনাব মোঃ রেজাউল্ল্যাহ্'র এম.পি.ও.করণের নিমিত্ত সুপার কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ না করায় সুপারের উক্ত নিক্রিয়তার প্রতিকারের (এম.পি.ও.) নিমিত্ত জনাব মোঃ রেজা উল্ল্যাহ্ কর্তৃক সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি) বরাবর আবেদন করা হয় {সূত্র-১নং}

০২. জনাব মোঃ রেজা উল্ল্যাহ্'র আবেদন প্রাপ্তির পর এ বিষয়ে(জনাব মোঃ রেজাউল্ল্যাহ্'র এম.পি.ওভূক্ত না হওয়া)কতিপয় তথ্য দেয়ার জন্য সূত্রে বর্ণিত ২-নং স্মারকের মাধ্যমে অনুরোধের প্রেক্ষিতে সুপার কর্তৃক (কতিপয় অপ্রাসঙ্গিক তথ্যসহ) কিছু তথ্য প্রদান করা হয়।

০৩. টিএমইডি'র নির্দেশনা মতে {সূত্র-২নং} সুপার কর্তৃক সরবরাহকৃত তথ্যের আলোকে টিএমআডি'র সূত্রে বর্ণিত-৪ নং স্মারকে ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ -এর সুপারকে নির্দেশনা প্রদান করা হলে সুপার কর্তৃক যে জবাবী পত্র প্রদান করা হয়েছে তা কতিপয় তথ্য পাওয়া (৪ নং কলামে বর্ণিত) গেছে তা নিম্নে ছকে উপস্থাপন করা হলো:

টিএমইডির আইন শাখার চাহিত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের তথ্যাদি	সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের আলোকে টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনা	টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনার আলোকে ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর জবাবী(২৮.০৯.২০ খ্রি.) পত্রে সরবরাহকৃত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর বিষয়ে টিএমইডির নির্দেশনা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(ক) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে নিয়োগপত্র পেয়েছিলেন কিনা? না পেয়ে থাকলে রিট পিটিশন নং-১০৩৮/১৯ মামলার আর্জিতে নিয়োগপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(ক) জনাব মো: রেজাউল্লাহ, ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপার হিসেবে অত্র মাদ্রাসায় ১৮.০৩.২০১০ খ্রি. তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে স্বপদে যোগদান করেছেন। মাদ্রাসার কাগজপত্রে তা দেখা যায়।	(ক) ভূজইল দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সরবরাহকৃত তথ্য হতে স্পষ্ট যে, জনাব মোঃ রেজ উল্ল্যাহ গত ১৮.০৩.২০১০ খ্রি. তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.০৩.২০১০ খ্রি. তারিখে সহকারী সুপার হিসেবে যোগদান করে কর্মরত আছেন বিধায় এম.পি.ও.ভূক্তির আইনগতভাবে হকদার বিধায় সহকারী সুপার হিসেবে জনাব মোঃ রেজা উল্ল্যাহ -এর নাম এম.পি.ও.ভূক্তির পদক্ষেপ গ্রহণের জন্য সুপারকে নির্দেশনা দেয়া যায়।	(১) জনাব মোঃ রেজাউল্ল্যাহ জালিয়াতির মাধ্যমে ২০১০ সালের ৪ঠা ফেব্রুয়ারি জনবল কাঠামো শিক্ষানীতিকে অবজ্ঞা করে নিয়োগ প্রাপ্ত হয়েছেন। ২০১০ সালের ৪ঠা ফেব্রুয়ারি জনবল কাঠামো শিক্ষানীতিতে আছে সহসুপার পদে চাকুরির যোগ্যতা দাখিল মাদ্রাসা সহকারী মৌলভী পদে ১০ বছরের অভিজ্ঞ। কিন্তু জনাব মোঃ রেজাউল্ল্যাহ্ নিয়ামতপুর-উপজেলা, নওগাঁ বাঐচন্ডী আলিম মাদ্রাসা ইবতেদায়ী শাখায় ১৫-নং কোন জুনিয়ার মৌলভী হিসেবে চাকুরি করেছেন। এম.পি.ও. সীটে তার প্রমাণ পাওয়া যায়। (ক) সহকারী সুপার পদে এম.পি.ও. ভূক্তির সুপারিশ হলো না। কারণ তিনি ১৫-নং কোডে চাকুরি করতেন।	(ক-১)সহকারী সুপার জনাব মো: রেজাউল্লাহ, বিষয়ে ভূজইল দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সরবরাহকৃত তথ্য হতে স্পষ্ট যে, জনাব মোঃ রেজা উল্ল্যাহ গত ২০.০৩.১০ খ্রি: তারিখে সহকারী সুপার হিসেবে যোগদান করে কর্মরত রয়েছে। (ক-২) অন্য দিকে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্বেও গত ১০ বৎসরের বেশী সময় ধরে জনাব মোঃ রেজা উল্ল্যাহ সহকারী সুপার হিসেবে কর্মরত রয়েছে। বর্তমান সুপারের প্রায় ০৬ বৎসরের কর্মকালীনও এ বিষয়ে কোন পদক্ষেপ নেয়া হয়নি ফলে জনাব মোঃ রেজা উল্ল্যাহ এর সহকারী সুপার হিসেবে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকার বিষয়টি সত্য নয় মর্মে প্রতীয়মান হয়। (ক-৩) তাছাড়া জনাব মো: রেজা উল্লাহ কর্তৃক প্রাক্তন প্রতিষ্ঠানে ১৫ কোডে এমপিও পাওয়ার দ্বারা(সহকারী সুপার হিসেবে) শিক্ষাগত যোগ্যতা না থাকার বিষয়টি নিশ্চিতভাবে প্রমান করেনা। (ক-৪) সার্বিক বিবেচনায় জনাব মো: রেজা উল্লাহ বিষয়ে সুপার কর্তৃক মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

চলমান পাতা-০২

টিএমইডির আইন শাখার চাহিত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের তথ্যাদি	সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের আলোকে টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনা	টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনার আলোকে ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর জবাবী (২৮.০৯.২০ খ্রি.) পত্রে সরবরাহকৃত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর বিষয়ে টিএমইডির নির্দেশনা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
খ) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে কত তারিখে যোগদান করেছিলেন? জনবল কাঠামোর কোন নীতিমালার আওতায় তিনি যোগদান করেছিলেন? সহকারী সুপার হিসেবে জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ এর যোগদান সঠিক না হলে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলার আর্জিতে বর্ণিত যোগদানপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(খ) জনাব মো: রেজাউল্লাহ, ভূজইল দাখিল মাদ্রাসায় সহকারী সুপার পদে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে যোগদান করেছেন। তার নিয়োগ কালীন সময় আমি অত্র প্রতিষ্ঠানে সুপারিনটেনডেন্ট এর দায়িত্বে ছিলাম না। বিধায় তিনি কোন নীতিমালায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন তা আমার কিছু জানা নাই।	(খ) জনাব মোঃ রেজা উল্ল্যাহ সহকারী সুপার হিসেবে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে ভূজইল দাখিল মাদ্রাসায় যোগদান করেছেন এবং যেহেতু জনাব মোঃ রেজা উল্ল্যাহর যোগদানকালীন 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১০' কার্যকার ছিল সেহেতু **"তার নিয়োগকালীন সময় আমি অত্র প্রতিষ্ঠানের সুপারের দায়িত্বে ছিলাম না বিধায় তিনি কোন নীতিমালায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন তা আমার জানা নাই"** মর্মে সুপারের মতামতটি দায়িত্বজ্ঞানহীন ও অজ্ঞাত-প্রসূত। এরূপ দায়িত্ব- জ্ঞানহীন মতামত প্রদানের কারণ ব্যাখার জন্য সুপারকে নির্দেশ দেয়া যায়।	(২) তিনি জালিয়াতির মাধ্যমে ইবতেদায়ী অভিজ্ঞতা গোপন করে দাখিলের অভিজ্ঞতা প্রদর্শন পূর্বক সহকারী সুপার পদে চাকুরী নিয়েছেন। (খ) ২০১০ সালের ৪ঠা ফেব্রুয়ারি জনবল কাঠামো শিক্ষা নীতিমালা বর্হিভূত।	(খ-১) কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্বেও গত ১০ বৎসরের বেশী সময় ধরে জনাব মোঃ রেজা উল্ল্যাহ সহকারী সুপার হিসেবে কর্মরত রয়েছে। বর্তমান সুপারের প্রায় ০৬ বৎসরের কর্মকালীনও এ বিষয়ে কোন পদক্ষেপ নেয়া হয়নি ফলে জনাব মোঃ রেজা উল্ল্যাহ এর সহকারী সুপার হিসেবে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকার বিষয়টি সত্য নয় মর্মে প্রতীয়মান হয়। (খ-২) সার্বিক বিবেচনায় জনাব মো: রেজা উল্লাহ বিষয়ে সুপার কর্তৃক মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।
(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫.১১.১২ তারিখের বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক পত্রে বর্ণিত মাদ্রাসার সহ:সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ ইউএনও, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর তদন্তে ভিত্তিহীন বলে প্রমাণিত হয়েছে এবং তার সহ:সুপার পদে নিয়োগ সম্পূর্ণ বৈধ মর্মে উল্লেখ করা হয়েছে তা সঠিক কিনা? সঠিক না হয়ে থাকলে বোর্ডের উক্ত সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২ নবাব-৭৪ সংখ্যক পত্র বর্ণিত মাদ্রাসার সহ সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ ইউ,এন,ও নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর তদন্তে ভিত্তিহীন প্রমানিত হয়েছে এবং তার সহ-সুপার পদে নিয়োগ সম্পূর্ণ বৈধ মর্মে উল্লেখ করা হয়েছে তা সঠিক এর প্রমাণ পাওয়া যায়।	(গ) যেহেতু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকে মাধ্যমে সহকারী সুপারি জনাব রেজা উল্ল্যাহ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন উল্লেখক্রমে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র নিয়োগ বৈধ মর্মে স্বীকৃত হয়েছে বিধায় সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র এম.পি.ও.ভূক্তির পদক্ষেপ গ্রহণক্রমে আগামী ৩০.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিকে অবহিতর জন্য সুপারকে নির্দেশ দেয়া যায়।	(৩) তিনি বারবার এম.পি.ও. ভূক্তির জন্য মাউশি বরাবর আবেদন করেছেন। কিন্তু তার নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতার জন্য ব্যর্থ হন। (গ) ১৫ নং কোডের চাকুরী করার কারণে টিএমইডিতে এম.পি.ও.ভূক্তির সুপারিশ করা হলো না।	(গ-১) যেহেতু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকে মাধ্যমে সহকারী সুপারি জনাব রেজা উল্ল্যাহ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন উল্লেখক্রমে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র নিয়োগ বৈধ মর্মে স্বীকৃত হয়েছে বিধায় সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ এমপিওভূক্তির জন্য বর্তমান সুপার কর্তৃক পদক্ষেপ না নেয়া বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকের নির্দেশনা অমান্যের সামিল। (গ-২) জনাব মো: রেজা উল্লাহ কর্তৃক প্রাক্তন প্রতিষ্ঠানে ১৫ কোডে এমপিও পাওয়ার দ্বারা(সহকারী সুপার হিসেবে) শিক্ষাগত যোগ্যতা না থাকার বিষয়টি নিশ্চিতভাবে প্রমান করেনা। (গ-৩) সার্বিক বিবেচনায় জনাব মো: রেজা উল্লাহ বিষয়ে সুপার কর্তৃক মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।
ঘ) জনাব মোহাম্মাদ রেজা উল্ল্যাহ এম.পি.ও.ভূক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল কিনা?	(ঘ) আমার সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর হতে অদ্যাবধি জনাব মো: রেজা উল্ল্যাহর এম,পি,ও ভূক্তির বিষয়ে কোন পদক্ষেপ গ্রহন করা হয় নাই। কারণ এম.পি.ও ভূক্তির ব্যাপারে আমি সুপারের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি বার বার চেষ্টা	(ঘ) আইনগত কোন ত্রূটি না থাকা সত্ত্বেও সুপার হিসেবে দায়িত্ব নেয়ার পর হতে আজবধি বর্তমান সুপার কর্তৃক জনাব মোঃ রেজ উল্ল্যাহ'র (সহকারী সুপার হিসেবে) নাম এম.পি.ও.ভূক্তির জন্য কোন পদক্ষেপ গ্রহণ না করা দায়িত্ব অবহেলা এবং সরকারি	(৪) আরও কারণ হচ্ছে ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩ .১৯-২১০ স্মারক পত্রটি সঠিক সময় না পাওয়ায় ও মহামান্য হাইকোর্ট কর্তৃক ১০৩৮০/২০১৪ রিট পিটিশন কপি আমি গত ২০.০৯.২০২০ খ্রি. তারিখে অফিসে পাওয়ার জন্য কোন প্রকার পদক্ষেপ গ্রহণ করা হয় নাই।	ঐ

টিএমইডির আইন শাখার চাহিত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের তথ্যাদি	সুপারের জবাবী (গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের) পত্রের আলোকে টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনা	টিএমইডির (১৬.০৯.২০ খ্রি.) তারিখের নির্দেশনার আলোকে ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর জবাবী (২৮.০৯.২০ খ্রি.) পত্রে সরবরাহকৃত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপার এর বিষয়ে টিএমইডির নির্দেশনা
	করে ব্যর্থ হয়েছিলেন। ফলে তিনি মামলা করার পক্ষে আগ্রহী ছিলেন।	নির্দেশনা (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্দেশনা) অমান্যের সামিল বিধায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" এর অনুচ্ছেদ ১৮'র ১৮.১ (খ) ও (গ) অনুযায়ী কারণ জন্য(আগামী ৩০.০৯.২০ খ্রি. তারিখের মধ্যে) সুপারকে নির্দেশ দেয়া যেতে পারে।	(ঘ) ১৮.০৩.২০২০ খ্রি. তারিখে তার এম.পি.ও.ভূক্তির জন্য সুপারিশ করা হয়েছে।	
ঙ) বর্ণিত সহকারী সুপরিনটেনেডেন্ট এর এম.পি.ও.ভূক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ না করার কারণ কি? এর জন্য দায়ী কে?	(ঙ) বর্ণিত সহকারী সুপারিনটেনডেন্ট এম.পি.ও.ভুক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ না করার কারণ আমার জানা নাই। কারণ আমি সে সময় সুপারের দায়িত্বে ছিলাম না।	ঐ (ঘ)	--	ঐ
চ) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ এম.পি.ও.ভূক্তির বিষয়ে কোন আইনগত সমস্যা আছে কিনা? থাকলে তা উল্লেখ করতে হবে।	(চ) জনাব মোঃ রেজাউল্লাহ এর এম.পি.ও.ভুক্তির বিষয়ে কোন সমস্যা আছে কিনা তা আদালতের বিচার্য বিষয়।	ঐ (ঘ)	--	(চ-১) সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ এর এমপিওভূক্তির বিষয়ে আইনগত কোন বাধা না থাকায় টিএমইডির নির্দেশনার (১৬.০৯.২০ খ্রি.) প্রেক্ষিতে সুপার কর্তৃক প্রদত্ত জবাবী(২৮.০৯.২০ খ্রি.) পত্রে এ বিষয়ে কোন তথ্য দেয়া হয়নি। ফলে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ এর এমপিওভূক্তির বিষয়ে আইনগত কোন বাধা নেই মর্মে স্পষ্ট হয়। (চ-২)সার্বিক বিবেচনায় জনাব মো: রেজা উল্লাহ বিষয়ে সুপার কর্তৃক মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে এবং সরকারি নির্দেশনা অমান্য করা হয়েছে মর্মে স্পষ্ট হয়।

০৫.উপরের তথ্য হতে এটা স্পষ্ট যে, সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ এর এমপিওভূক্তির বিষয়ে আইনগত কোন বাধা না থাকা সত্বেও এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকে মাধ্যমে সহকারী সুপারি জনাব রেজা উল্ল্যাহ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন উল্লেখক্রমে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র নিয়োগ বৈধ মর্মে স্বীকৃত হওয়া সত্বেও বর্তমান সুপার কর্তৃক (দীর্ঘ ১০ বৎসর যাবৎ) সহকারী সুপার হিসেবে জনাব মো: রেজা উল্ল্যাহ'র এমপিওভূক্তির বিষয়ে (টিএমইডি কর্তৃক নিদের্শনা প্রদান সত্বেও) কোন পদক্ষেপ গ্রহণ না করা এবং জনাব মো: রেজা উল্লাহ বিষয়ে সুপার কর্তৃক মিথ্যা তথ্য সরবরাহ করার কারণে ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সুপার(টিএমইডি'র নির্দেশনা পালন না করায়) সুপারের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া প্রয়োজন।

০৬.বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১৮.১(খ)তে নিম্নরূপ বিধান উল্লেখ রয়েছে:

"১৮.১ (খ) মিথ্যা তথ্য প্রদান, অবৈধ শিক্ষাক নিয়োগ, ভূয়া শাখা/মিথ্যা শিক্ষার্থী প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অধিদপ্তর/বোর্ডের আপীল ও আরবিট্রেশন এর সিদ্ধান্ত প্রতিপালন না করলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী এবং প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে"।

চলমান পাতা-০৪

০৭. আইনগত প্রতিবন্ধকতা না থাকা সত্বেও এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকে মাধ্যমে সহকারী সুপারি জনাব রেজা উল্ল্যাহ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন উল্লেখক্রমে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র নিয়োগ বৈধ মর্মে স্বীকৃত হওয়া সত্বেও যেহেতু সহকারী সুপার হিসেবে জনাব মো: রেজা উল্ল্যাহ'র এমপিওভূক্তির বিষয়ে (টিএমইডি কর্তৃক নির্দেশনা প্রদান সত্বেও) কোন পদক্ষেপ নেয়া হয়নি এবং যেহেতু সুপার কর্তৃক জনাব মো: রেজা উল্ল্যাহ'র বিষয়ে মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে সেহেতু বর্তমান সুপার (ভূজইল দাখিল মাদ্রাসা) জনাব আমিরুল ইসলাম এর বিরুদ্ধে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১ (খ) অনুযায়ী এমপিও বন্ধের নিমিত্ত কারণ দর্শানোর জন্য পত্র জারী করা আবশ্যক।

০৮. এমতাবস্থায়, ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সুপারের (সরকারি নির্দেশনা পালনে) ব্যর্থতায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" এর অনুচ্ছেদ ১৮.১ (খ) অনুযায়ী এমপিও কেন বাতিল করা হবেনা এ মর্মে কারণ দর্শানোর জন্য (আগামি ১৮.১০.২০ খ্রি: তারিখের মধ্যে জবাব দাখিলের শর্তে) নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/১০/২০

(মোঃ আঃ খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
☎: ৯৫৭৫২৭২
ই-মেইল: abdulkhaleque62@yahoo.com

মোঃ আমিরুল ইসলাম
সুপার
ভূজইল দাখিল মাদ্রাসা
উপজেলা-নাচোল, জেলা চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (আলোচ্য পত্রখানা উপরিউক্ত সুপারের উপর জারীক্রমে SR আগামি **১১.১০.২০ খ্রি**: এর মধ্যে ই-মেইল abdulkhaleque62@yahoo.com ঠিকানায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. জনাব মোঃ রেজা উল্ল্যাহ্, সহকারী সুপারিনটেনডেন্ট, ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
৭. অফিস কপি।